তারেক রহমানের পক্ষে ভোটের প্রচারণায় শহীদ মুগ্ধের ভাই স্নিগ্ধ



ছবি: সংগৃহীত

বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের পক্ষে নির্বাচনী কার্যক্রমে অংশ নিয়েছেন জুলাই গণ-অভ্যুত্থানে শহীদ মীর মাহফুজুর রহমান মুগ্ধের যমজ ভাই মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ।

বুধবার (৪ ফেব্রুয়ারি) সন্ধ্যা থেকে রাত পর্যন্ত তিনি গুলশান থানা এলাকার ১৮ নম্বর ওয়ার্ডে বাড়ি, অফিস ও দোকানে গিয়ে ধানের শীষ প্রতীকে ভোট চেয়ে প্রচারপত্র বিতরণ করেন।

এ সময় স্নিগ্ধ ভোটারদের কাছে তারেক রহমানের জন্য সমর্থন ও দোয়া কামনা করেন। তার সঙ্গে ছিলেন সাবেক ছাত্রদল কেন্দ্রীয় সংসদের গুম থেকে ফিরে আসা যুগ্ম সম্পাদক মফিজুর রহমান আশিক, ব্যবসায়ী রনি, শাহজাহান কবির এবং গুলশান থানা বিএনপি নেতা তৌহিদুল আলম পলাশ, যিনি ১৮ নম্বর ওয়ার্ডের প্রচারণার দায়িত্বে আছেন।

এ ছাড়া গুলশান থানা বিএনপি, ছাত্রদল, যুবদল ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরাও এই প্রচারণায় অংশ নেন। এর আগে, গত ৪ নভেম্বর মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ বিএনপিতে যোগ দেন।

LENS ASIA